



ইসি ঘোষণায় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের রোডম্যাপ প্রকাশ



সংগৃহীত ছবি

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য পূর্ণাঙ্গ রোডম্যাপ প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। এতে ২৪ দফা কর্মপরিকল্পনা অন্তর্ভুক্ত রয়েছে। রাজনৈতিক দল ও অংশীজনদের সঙ্গে সংলাপ আগামী ১৫ সেপ্টেম্বর থেকে শুরু হয়ে অক্টোবর পর্যন্ত চলবে। নভেম্বরে প্রকাশিত হবে চূড়ান্ত ভোটার তালিকা।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের রোডম্যাপ আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। বৃহস্পতিবার (২৮ আগস্ট) দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে আয়োজিত এক ব্রিফিংয়ে কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ এ ঘোষণা দেন।

সিনিয়র সচিব জানান, নির্বাচনকে সুষ্ঠু, অংশগ্রহণমূলক ও স্বচ্ছ করতে মোট ২৪টি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর অংশ হিসেবে আগামী ১৫ সেপ্টেম্বর থেকে রাজনৈতিক দল ও অন্যান্য অংশীজনদের সঙ্গে ধারাবাহিক সংলাপ শুরু হবে, যা অক্টোবর মাস পর্যন্ত চলবে। এ ছাড়া নভেম্বর মাসে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

তিনি আরও বলেন, নির্বাচনী পরিবেশ সবার জন্য সমানভাবে উন্মুক্ত রাখতে কমিশন বিভিন্ন দিক বিবেচনায় পরিকল্পনাগুলো বাস্তবায়ন করবে।

বিস্তারিত আসছে...